

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫৪/২০১৬

অভিযোগকারী : জনাব আবু বক্কর সিদ্দিক
পিতা-মোঃ আজিজুর রহমান
৭২/৩, শাহী মহল,
ব্যাংক কলোনী সাভার, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ আমিনুল ইসলাম আনু
এ জি এম (এম এস)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১
পলাশবাড়ী, সাভার, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ২৯-০৩-২০১৬ ইং)

অভিযোগকারী ১৯-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, সাভার, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. গত ০১.০১.২০১৫ তারিখ হইতে ০১.১২.২০১৫ তারিখ পর্যন্ত ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন এলাকায় মোট কতটি ট্রান্সফরমার নষ্ট হয়েছে। ট্রান্সফরমারগুলোর মোট সরকারী মূল্য কত?
২. ট্রান্সফরমারগুলো কেন ও কি কি কারণে নষ্ট হয়েছে? প্রতিটি দুর্ঘটনার প্রতিবেদনের ফটোকপি পেতে চাই।
৩. আশুলিয়া কলতাসুতি চেয়ারম্যান বাড়ি রোড এর আলতাফ হোসেনের বাগান বাড়ির পূর্ব পাশে যে (৭৫ কেভি) ট্রান্সফরমারটি রয়েছে, তা ২০১৫ সালে মোট কতবার নষ্ট হয়েছে। নষ্ট হওয়ার সময় ট্রান্সফরমারটিতে মোট কতটি বিদ্যুৎ সংযোগ ছিলো এবং অদ্য তারিখে মোট কতটি বিদ্যুৎ সংযোগ আছে? তা জানতে চাই।
৪. পবিস নির্দেশিকার একটি ফটোকপি।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৭-০১-২০১৬ তারিখে সিনিয়র জেনারেল ম্যানেজার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, সাভার, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পর ৩১-০১-২০১৬ তারিখে জনাব মোঃ আমিনুল ইসলাম আনু, এ জি এম (এম এস), ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, সাভার, ঢাকা অভিযোগকারীকে ঢাকা পবিস-১/৩০০.২২/২০১৬/৫৬১ নং স্মারকে তথ্য সরবরাহ করেন। সরবরাহকৃত তথ্যে সন্তুষ্ট হতে না পারায় অভিযোগকারী ২৩-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৯-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি তথ্য প্রাপ্তির আবেদন করলে ৪(চার) টি তথ্যের মধ্যে ক্রমিক নং ১ এবং ৩ এর তথ্য প্রাপ্ত হয়েছেন কিন্তু ক্রমিক নং ২ এবং ৪ এর যাচিত তথ্য পান নি। তিনি চাহিত পূর্ণাঙ্গ তথ্য পাওয়ার জন্য কমিশনের নিকট বিচার প্রার্থনা করেন।

৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে তার কোন ধারণা ছিল না। অভিযোগকারীকে তথ্য প্রদান করার উদ্দেশ্যে তিনি সকল তথ্য প্রস্তুত করেছেন। কমিশনের নির্দেশক্রমে তিনি অভিযোগকারীকে সকল তথ্য প্রদান করতে প্রস্তুত আছেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে ধারণা কম থাকায় সঠিক সময়ে তথ্য সরবরাহ করতে পারেননি। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী প্রার্থীত সকল তথ্যই সরবরাহ করা বাধ্যতামূলক। কাজেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১. তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে ১৩-০৪-২০১৬ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত সকল তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ আমিনুল ইসলাম আনু, এ জি এম (এম এস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, সাভার, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো।
২. তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
৩. নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার

[বে.স]